দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 APR 2015
পৃষ্ঠা ১৩ কলাম 2

### ঢাবির আরবী বিভাগ

# ফখরুদ্দীনকে স্থায়ীভাবে চাকরিচ্যুত করার দাবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ বিভিন্ন অভিযোগের কারণে বাধ্যতামূলক ছুটিতে থাকা ঢাকা বিশ্ববিদ্যালয়ের আরবী বিভাগের শিক্ষক অধ্যাপক এটিএম ফখরুদ্দীনকে স্থায়ীভাবে চাকরিচ্যুত করার দাবি জানিয়েছে বিভাগটির শিক্ষক ও শিক্ষার্থীরা। বুধবার সকালে কলা ভবনের চতুর্থ তলায় বিভাগের সেমিনার রুমে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এই দাবি জানানো হয়।

উল্লেখ্য, ২০১২ সালে এক ছাত্রীকে নিয়ে উদ্ভূত সমস্যা এবং আর্থিক অনিয়মের অভিযোগের পরিপ্রেক্ষিতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ওই শিক্ষককে বাধ্যতামূলক ছুটিতে পাঠায় এবং একটি তদন্ত কমিটিও গঠন করা হয়। এরপর প্রায় দুই বছর অতিবাহিত হলেও সেই তদন্ত প্রতিবেদন প্রকাশ করা হয়নি।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিভাগের অধ্যাপক মোঃ ইউসুফ, অধ্যাপক জহিরুল ইসলাম; সহযোগী অধ্যাপক বেলাল হোসাইন, অধ্যাপক নাসির উদ্দিন, সহযোগী অধ্যাপক মারুফ হোসাইনসহ বিভাগের বিভিন্ন বর্ষের শিক্ষার্থীরা।

সংবাদ সম্মেলনে ওই শিক্ষকের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগ এনে অধ্যাপক মোঃ ইউসুফ বলেন, একজন শিক্ষকের কাজ হচ্ছে সুষ্ঠুভাবে শিক্ষাদান করা এবং শ্রেণীকক্ষে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বজায় রাখা। বিভিন্ন অনিয়মের পাশাপাশি অধ্যাপক ফখরুদ্দীন বিভাগের একাধিক শিক্ষার্থীর কাছ থেকে বিদেশ নিয়ে যাওয়ার নাম করে তিন থেকে চার লাখ করে টাকা নিয়ে তা আর ফেরত দেননি।

অধ্যাপক বেলাল হোসাইন বলেন, ওই শিক্ষক যতদিন আমাদের বিভাগে থাকবে ততদিন আমরা মুখ তুলে তাকাতে পারব না। তাই আমরা বিশ্ববিদ্যালয় প্রশাসনের কাছে অধ্যাপক ফখরুদ্দীনের দ্রুত অপসারণ দাবি জানাচ্ছি।

উল্লেখ্য, গত মঙ্গলবার অর্থ আত্মসাতের অভিযোগ এনে বিভাগের সামনে বিক্ষোভ মিছিল করে বিভাগের শিক্ষার্থীরা।